দৈনিক বাংলা

তারিখ 13 DEC 1993
পৃষ্ঠা ১১ কলাম ১

# দিল্লীতে ইউনেস্কো সম্মেলন ঃ শিক্ষামন্ত্রী প্রতিনিধিত্ব করবেন

শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমির উদ্দিন সরকার ৯ দেশের শিক্ষা সংক্রান্ত শীর্ষ সম্মেলনে বাংলাদেশের প্রতিনিধিত্ব করবেন। এ ৯টি দেশ এখন নিরক্ষরতা সমস্যা মোকাবিলার চেষ্টা করছে।

ইউনিসেফ, ইউনেস্কো এবং জাতিসংঘ জনসংখ্যা তহবিল (আনফা) যৌথভাবে-ভারতের রাজধানী নয়াদিল্লীতে এই শীর্ষ সম্মেলনের আয়োজন করেছে। খবর বাসস'র।

১৬ ডিসেম্বর নয়াদিল্লীতে এই একদিনের শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হবে। এর আগে ১২ ডিসেম্বর এসব দেশের পদস্থ কর্মকর্তাদের এবং ১৩ থেকে ১৫ ডিসেম্বর মন্ত্রী পর্যায়ের বৈঠক অনুষ্ঠিত হবে।

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বাংলাদেশ থেকে নিরক্ষরতা দূর করতে প্রতিশ্রুতিবদ্ধ হওয়া সত্ত্বেও এ শীর্ষ সম্মেলনে যোগ দিতে পারছেন না। ১৬ ডিসেম্বর বিজয় দিবস। এ দিনে বেগম খালেদা জিয়া দেশে থাকা শ্রেয়তর মনে করেন বলে, পররাষ্ট্রমন্ত্রী এ এস এম মোস্তাফিজুর রহমান জানান।

চার বছরের মধ্যে এটা হবে এ ধরনের দ্বিতীয় সম্মেলন। প্রথম সম্মেলন অনুষ্ঠিত হয়েছিল থাইল্যান্ডের জমতিয়েনে। এর উদ্দেশ্য ছিল 'সকলের জন্য শিক্ষার' আন্তর্জাতিক লক্ষ্য অর্জন। ইউনিসেফ কর্মকর্তারা একথা জানান।

এই সম্মেলনে অংশগ্রহণকারী ৯টি দেশ হলো– বাংলাদেশ, ব্রাজিল, চীন, মিসর, ভারত, ইন্দোনেশিয়া, মেক্সিকো, নাইজেরিয়া ও পাকিস্তান। এ কয়টি দেশের লোকসংখ্যা ২৭০ কোটি। পৃথিবীর মোট জনসংখ্যার প্রায় অর্ধেক। এ সম্মেলনে প্রাথমিক শিক্ষা ও সাক্ষরতা কর্মসূচী বাস্তবায়নে উচ্চ পর্যায়ে রাজনৈতিক সমর্থন পাওয়া যাবে এবং অর্থনৈতিক ও প্রযুক্তিগত সম্পদ কাজে লাগানো হবে বলে এসব দেশের অধিবাসীরা আশা করে।

পৃথিবীর প্রাপ্ত বয়স্ক নিরক্ষরদের শতকরা ৭০ ভাগ এসব দেশে বাস করে।

ইউনেস্কোর হিসাবমতে এ ৯টি দেশের মোট ৭ কোটি শিশু প্রাথমিক শিক্ষা-বঞ্চিত।